3

দৈনিক ইনকিলাব

তারিখ ... DEC. 20 1999

পৃষ্ঠা [illegible] কলাম ২

# বেসরকারী শিক্ষকদের একশ' ভাগ বেতন প্রদানে সরকারী উদাসীনতায় ক্ষোভ

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ, মহাসচিব মোঃ সেলিম ভূইয়া, সহসভাপতিবৃন্দ আজিজুল হক শাহ, মোঃ শহীদুল্লাহ (ঢাকা), কাজী আঃ রাজ্জাক (খুলনা), মুহিবুর রহমান চৌধুরী (চট্টগ্রাম), কাজী মজিবুর রহমান (বরিশাল), আনোয়ারুজ্জামান আকন্দ (রাজশাহী), আঃ জলিল (সিলেট) এক যুক্ত বিবৃতিতে গত ৪ ও ৫ অক্টোবর জাতীয় প্রচার মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ের দেয়া তথ্য বিবরণী বাস্তবায়ন না করায় ক্ষোভ প্রকাশ করেন। নেতৃবৃন্দ বলেন, সারাদেশের শিক্ষক সমাজ তাদের দাবী আদায়ের জন্য যখন ১০ অক্টোবর পল্টন ময়দানের মহাসমাবেশে আসার জন্য প্রস্তুতি নিচ্ছিলেন তখন ৪ ও ৫ অক্টোবর শিক্ষামন্ত্রী শিক্ষকদের বিভিন্ন দাবী মেনে নেয়ার আশ্বাস দেন এবং ১০০% প্রদানের বিষয়েও তিনি একমত হন।